

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ ডিসেম্বর ২০১৫/ ১৭ পৌষ ১৪২২

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪. ২০৫ বিভিন্ন সময়ে সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হওয়ার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচি বাস্তবায়ন বাধাগ্রস্ত হওয়াসহ সরকারি অর্থের অপচয় হওয়ায় এই ধরনের পরিস্থিতিতে বিরোধ নিষ্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য গঠিত 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র সিদ্ধান্তে সংশ্লিষ্ট পক্ষের আপিল নিষ্পত্তির লক্ষ্যে সরকার নিম্নরূপ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' গঠন করিয়াছে:

আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি:

(ক) কমিটির গঠন :

- | | |
|---|----------|
| (১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | - সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তা :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্য সচিব/প্রধানমন্ত্রীর সচিব
- (৩) সচিব, আইন ও বিচার বিভাগ
- (৪) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
- (৫) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) কমিটির সভাপতির নিজ মন্ত্রণালয়/বিভাগ কোন আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধের পক্ষ হইলে এই কমিটির সদস্য হিসাবে নিয়োজিত পরবর্তী জ্যেষ্ঠ মন্ত্রী কমিটির সভাপতির দায়িত্ব পালন করিবেন।

(ঘ) কমিটির কার্যপরিধি:

আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট পক্ষগণ এই মন্ত্রিসভা কমিটির নিকট আপিল দায়ের করিতে পারিবেন। মন্ত্রিসভা কমিটি উক্ত আপিল নিষ্পত্তি করিবে এবং এই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০(দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল।